

সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাতৃত্বকালীন ছুটি ছয় মাস : পরিপত্র জারি

যাযাদি রিপোর্ট

সরকারি চাকরিজীবীদের মতো বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটি ছয় মাস করা হয়েছে। রোববার শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত একটি পরিপত্র জারি করা হয়েছে।

গত ২৩ সেপ্টেম্বর বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতাদের সঙ্গে এক বৈঠকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের মাতৃত্বকালীন ছুটি ছয় মাস করার ঘোষণা দেন। গতকাল জারি করা পরিপত্রে জানানো হয়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কোনো মহিলা শিক্ষক-কর্মচারী প্রসূতি ছুটির জন্য আবেদন করলে প্রয়োজ্য ক্ষেত্রে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি ছুটি আরম্ভের তারিখ অর্থাৎ সন্তান প্রসবের উদ্দেশ্যে আঁতুর ঘরে আবদ্ধ হওয়ার তারিখ, এরমধ্যে যা পূর্বে ঘটবে, ওই তারিখ থেকে ছয় মাসের ছুটি মঞ্জুর করবেন। একজন মহিলা শিক্ষক-কর্মচারী সমগ্র চাকরি জীবনে সর্বোচ্চ দুইবার প্রসূতি ছুটি প্রাপ্য হবেন। ছুটিকালীন একজন মহিলা শিক্ষক-কর্মচারী ছুটিতে যাওয়ার প্রাঙ্কালে উৎকলিত বেতনের হারে পূর্ণ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

প্রসূতি ছুটির মেয়াদ হবে ছয় মাস। একজন মহিলা শিক্ষক-কর্মচারী গর্ভবতী হওয়ার পর যে তারিখ হতে ছুটিতে যাওয়ার আবেদন করবেন, ওই তারিখ হতে ছয় মাসের ছুটি মঞ্জুর করতে হবে। তবে ছুটি আরম্ভের সর্বশেষ তারিখ হবে সন্তান প্রসবের তারিখ। উল্লেখ্য, গর্ভবতী হওয়ার পক্ষে চিকিৎসকের ব্যবস্থাপত্রসহ আবেদন করা হলে প্রসূতি ছুটির আবেদন নামঞ্জুর করার কিংবা ছয় মাস অপেক্ষা কম সময়ের জন্য ছুটি মঞ্জুর করার কিংবা ছুটি আরম্ভের তারিখ পরিবর্তন করার ক্ষমতা ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডির থাকবে।